

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

## CHITTAGONG CUSTOMS CLEARING &amp; FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আশ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০

প্রচার পত্র নং - ১৩৩/২০২১

তারিখ : ০৮/০৬/২০২১ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি আবশ্যিকভাবে

**E-Payment এর মাধ্যমে পরিশোধকরণ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি**

কাস্টম হাউস, চট্টগ্রাম এর পত্র, নথি নং-এস-৪/১১২/প্রশাসন/ASYCUDA World/২০১৩-১৪(অংশ-৩)/২১৯৭৬ (১৬), তারিখ-১৫/০৩/২০২১ খ্রিঃ এর প্রেক্ষিতে সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি পরিশোধের পদ্ধতি সহজীকরণ ও পণ্যচালান খালাস কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক Electronic Payment (E-Payment) ব্যবস্থা চালু করা হয়েছে। দেশের সকল কাস্টম হাউস/কাস্টমস স্টেশনে E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধ বাধ্যতামূলক করা হচ্ছে।

এ প্রেক্ষিতে কাস্টম হাউস, চট্টগ্রাম এ আগামী ১ জুলাই, ২০২১খ্রিঃ তারিখ থেকে দুই লক্ষ টাকার অধিক রাজস্ব সংশ্লিষ্ট আমদানি পণ্যচালানের শুদ্ধ-করাদি আবশ্যিকভাবে E-Payment এর মাধ্যমে পরিশোধ করতে হবে। ১ জানুয়ারী, ২০২২খ্রিঃ তারিখ থেকে সকল আমদানি পণ্যচালানের পরিমাণ নির্বিশেষে শুদ্ধ-করাদি আবশ্যিকভাবে E-Payment এর মাধ্যমে পরিশোধ করতে হবে।

যেকোন বাণিজ্যিক ব্যাংক থেকে Real Time Gross Settlement (RTGS) পদ্ধতি ব্যবহার করে E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধ করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংক ও আমদানিকারকের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য সম্মানিত সদস্যদের অনুরোধ করা হলো।

সম্মানিত সদস্যদের সুবিধার্থে E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধের পদ্ধতি নিম্নে বিধৃত হলো।

▶▶ ব্যাংক কর্তৃক প্রদত্ত RTGS ফর্মে নিম্নোক্ত তথ্যাবলী পূরণ করে চেকসহ এ্যাসেসমেন্ট নোটিশের কপি ব্যাংকে দাখিল করতে হবে।

1. Customs Office Code : 301

2. B/E Registration Year : ..... (বি/ই দাখিলের বছর)

3. B/E Registration Number : ..... (বি/ই রেজিস্ট্রেশন নম্বর)

4. Declarant Code : ..... (সিএন্ডএফ এজেন্টের AIN)

5. Assessed Amount (Total Duty & Taxes) : ..... (শুদ্ধ-করের প্রকৃত অংক  
দশমিকের পরের সংখ্যা সহ)

6. Mobile No. : ..... (সিএন্ডএফ এজেন্টের মোবাইল নম্বর)

▶▶ E-Payment এর মাধ্যমে শুদ্ধ-কর পরিশোধ সম্পন্ন হওয়ার পর RTGS ফর্মে প্রদত্ত মোবাইল নম্বরে Payment Confirmation SMS আসবে। যদি কোন কারণে Payment সম্পন্ন না হয় তাহলে মোবাইলে Error SMS আসবে।

▶▶ Payment Confirmation SMS পাওয়ার পর বন্দরে গিয়ে পণ্য ডেলিভারী কার্যক্রম সম্পাদন করতে হবে।

বি.দ্র.: E-Payment এর মাধ্যমে শুদ্ধ-করাদি পরিশোধের বিস্তারিত তথ্য 'customs.gov.bd' ওয়েবসাইটের 'Documents' পেইজের 'Customs e-Payment Quick Reference' এবং 'Customs e-Payment Compliant Bank Contact Details' এ পাওয়া যাবে।

মোঃ আলতাফ হোসেন চৌধুরী (বাচ্চু)

সাধারণ সম্পাদক